# নড়িয়ায় বিএনপির সভার পাশে হাতবোমা বিস্ফোরণ, এলাকায় আতঙ্ক



সংগৃহীত ছবি

শরীয়তপুরের নড়িয়ায় বিএনপির এক আলোচনা সভার সময় সভাস্থলের কাছাকাছি একের পর এক কমপক্ষে ২০টি হাতবোমা বিস্ফোরণ ঘটে। মঙ্গলবার (৪ নভেম্বর) রাতের দিকে উপজেলার মোক্তারেরচর ইউনিয়নের পোড়াগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এই ঘটনা ঘটে। বিস্ফোরণের শব্দে উপস্থিত নেতাকর্মী ও স্থানীয়রা আতঙ্কে ছড়িয়ে পড়ে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, নড়িয়ার মোক্তারেরচর ইউনিয়নের ৫ ও ৬ নম্বর ওয়ার্ডের উদ্যোগে এক শান্তিপূর্ণ সভা অনুষ্ঠিত হচ্ছিল। হঠাৎ সভাস্থলের পাশ থেকে বিস্ফোরণ শুরু হলে নেতাকর্মীরা দ্রুত আশ্রয় নেন। খবর পেয়ে নড়িয়া থানা পুলিশ পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ঘটনায় কেউ আহত হয়নি।

উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ফরিদ আহাম্মেদ রয়েল মাঝি অভিযোগ করেন, “আমাদের শান্তিপূর্ণ সভা নস্যাৎ করার জন্য এ হামলা চালানো হয়েছে। যারা দীর্ঘদিন ফ্যাসিস্ট আওয়ামী লীগের সঙ্গে যুক্ত ছিল, তারা এখন নব্য বিএনপির কার্যক্রমে বাধা সৃষ্টি করছে। হামলাকারীদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

নড়িয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ নাজমুল হাসান জানান, “পুলিশ ঘটনাস্থলে গিয়ে বোমাসদৃশ কিছু বস্তু উদ্ধার করেছে। কে বা কারা বিস্ফোরণ ঘটিয়েছে, তা তদন্ত করা হচ্ছে।”